[illegible]

[illegible] ([illegible])

Job Category: Research/Consultancy

Job Source: [illegible]

Job Summary

Posted On: 15 Sep 2024

Application Deadline:9 Oct 2024

সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর

(প্রতিরক্ষা মন্ত্রণালয়)

ঢাকা সেনানিবাস

নিয়োগ বিজ্ঞপ্তি

১। সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (প্রতিরক্ষা মন্ত্রণালয়), ঢাকা সেনানিবাস এবং এর আওতাধীন আন্তঃবাহিনী মেডিকেল ইউনিট সমূহ নিম্নে বর্ণিত শূন্য পদে অসামরিক লোক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dgms.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না :

ক্রমিক	পদের নাম ও গ্রেড	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০২৫ মোতাবেক)	যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	রিসার্চ এসিসট্যান্ট (গ্রেড-২) (গ্রেড-১৬)	০১	১০,২৫০-২৪,৬৮০/-	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বিষয়সহ বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-৩ স্কেলে বা উর্ধ্ব।
২।	কম্পিউটার মুদ্রাক্ষরিক (টাইপিস্ট কাম করণিক) (গ্রেড-১৬)	০৩	৯,৩৩০-২২,৪৯০/-	কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-৩ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তৎসহ প্রতি মিনিটে মুদ্রাক্ষরে/কম্পিউটারে টাইপিং এর গতি বাংলা- প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ এবং ইংরেজি- প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।
৩।	এফডব্লিউএ (গ্রেড-১৬)	০৭	৯,৩৩০-২২,৪৯০/-	কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-৩ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা এফডব্লিউএ পদে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক বা সমমানের সিজিপিএ-৩ সার্টিফিকেট কোর্স বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৪।	মিউজিয়াম কেয়ারটেকার (গ্রেড-১৬)	০১	৯,৩৩০-২২,৪৯০/-	কোন স্বীকৃত বোর্ড হতে জীববিজ্ঞানসহ অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-৩ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; তবে মৃতদেহ রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে।
৫।	স্টোরম্যান (গ্রেড-১৬)	০১	৯,৩৩০-২২,৪৯০/-	কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-৩ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; তবে কম্পিউটার বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে।
৬।	বাটলার (গ্রেড-১৮)	০১	৮,৮০০-২১,৩১০/-	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে ক্যাটারিং বিষয়ে সার্টিফিকেট কোর্স উত্তীর্ণ।
৭।	ল্যাব পরিচারক (গ্রেড-১৯)	০২	৮,৫০০-২০,৫৭০/-	কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-৩ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৮।	অগ্নিনির্বাপক (গ্রেড-১৯)	০১	৮,৫০০-২০,৫৭০/-	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে।
৯।	ল্যাব বিয়ারার (গ্রেড-১৯)	০১	৮,৫০০-২০,৫৭০/-	কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-৩ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে।
১০।	অফিস সহায়ক (গ্রেড-২০)	০৭	৮,২৫০-২০,০১০/-	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
১১।	নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০)	০১	৮,২৫০-২০,০১০/-	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে।
১২।	শ্রমিক (গ্রেড-২০)	০১	৮,২৫০-২০,০১০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে।
১৩।	আয়া (গ্রেড-২০)	০৪	৮,২৫০-২০,০১০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, মহিলা প্রার্থী হতে হবে এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে।
১৪।	বাবুর্চি (গ্রেড-২০)	০১	৮,২৫০-২০,০১০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
১৫।	মালী (গ্রেড-২০)	০২	৮,২৫০-২০,০১০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে।
১৬।	সহকারী বাবুর্চি (গ্রেড-২০)	০১	৮,২৫০-২০,০১০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
১৭।	মেসওয়েটার (গ্রেড-২০)	০১	৮,২৫০-২০,০১০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে।
১৮।	পরিচ্ছন্নতাকর্মী (গ্রেড-২০)	০৩	৮,২৫০-২০,০১০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। হরিজন সম্প্রদায়ের প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা যাবে এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে।

আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নেবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

বিঃদ্রঃ যারা আবেদন করতে পারবেনঃ সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

১। ০৯ অক্টোবর ২০২৪ তারিখে সকল প্রার্থীর বয়স ১৮-৩৩ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা, বীরাঙ্গনার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়সসীমা ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরকারি চাকরিতে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। মৌখিক পরীক্ষার সময় সরকারি চাকরিরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি দাখিল করবে।

৩। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। এ নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৭। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ**

ক। পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://dgms.teletalk.com.bd ওয়েবসাইটে লগ-ইন করে Online-এ আবেদনপত্র পূরণ করবেন। Online-এ আবেদন ও পরীক্ষা ফি জমাদানের সময়সীমা নিম্নরূপঃ

(১) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখঃ ২৫ সেপ্টেম্বর ২০২৪ সকাল- ১০:০০ টা।

(২) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৯ অক্টোবর ২০২৪ বিকাল- ০৫:০০ টা।

(৩) উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit - এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ। Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (নির্ধা ৩০০ প্রস্থ ৮০ pixel), File size maximum 60 KB এবং রঙ্গিন ছবি (নির্ধা ৩০০×প্রস্থ ৩০০ pixel), File size maximum 100 KB এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঘ। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online-এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশমত ছবি ও স্বাক্ষর upload করে আবেদন Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো / সম্পূর্ণ সাদা/ খোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সব তোথ্য রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়। PDF Copy ডাউনলোড পূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৫ নম্বরের ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা (পরীক্ষার ফি ২০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ২৩/-), এবং ৬-১৮ নম্বরের ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/- (একশত বারো) টাকা (পরীক্ষার ফি বাবদ ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/-) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS : DGMS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে ।

Example: DGMS ABCDEF

Reply: Applicant's Name, TK-223/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DGMS <Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : DGMS<space>YSes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DGMS YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for----- Application for post XXXXXXX User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

* দ্বিতীয় SMS এ Password পাবেন। এই Password টি Admit Card (প্রবেশপত্র) Download -এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

ঙ। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgms.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনাগুলো তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। Admit Card Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

ছ। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেনঃ

(১) User ID জানা থাকলে: DGMS<space> HELP <space> USER <space> USER ID & Send to 16222. (Example: DGMS HELP USER ABCDEF & Send to 16222)

(২) PIN Number জানা থাকলে: DGMS <space> HELP <space>PIN<space> PIN No & Send to 16222. (Example : DGMS HELP USER ABCDEF & Send to 16222)

জ। সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (ডিজিএমএস) এর কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয় এর নিয়োগ বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য http://dgms.teletalk.com.bd এ পাওয়া যাবে ।

ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এর ওয়েবসাইটে www.dgms.gov.bd এ বিজ্ঞপ্তিসহ সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dgms.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ। Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/ মেসেজ এর subject-এ Organization Name: DGMS, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট) বিজ্ঞাপনের প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৮। **প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**

ক। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে । ভুল তথ্য/জাল কাগজপত্র প্রার্থনির হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নে বর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(১) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

(২) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(৩) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, এই মর্মে মুক্তিযোদ্ধা সনদ, মুক্তিযোদ্ধা গেজেট এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র/কন্যার নাম সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করতে হবে।

(৪) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(৫) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

(৬) প্রার্থীর পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

খ। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

বিবিধঃ

ক। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য dgms.portal.gov.bd এবং www.dgmsbd.net ওয়েবসাইটে পাওয়া যাবে।

খ। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ শামীম ইয়াজদানী
পর্ষদ সভাপতি বিভাগীয় নির্বাচন কমিটি
সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর
(প্রতিরক্ষা মন্ত্রণালয়)
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬

সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (প্রতিরক্ষা মন্ত্রণালয়) ঢাকা সেনানিবাস এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code
dgms.portal.gov.bd

সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (প্রতিরক্ষা মন্ত্রণালয়) ঢাকা সেনানিবাস এর টেলিটক পোর্টালের QR Code
http://dgms..teletalk.com.bd

সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (প্রতিরক্ষা মন্ত্রণালয়) ঢাকা সেনানিবাস এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code
http://dgms.bd.net

আইএসপিআর/বিবিধ/২০২৪/৩৭৪
২১/০৯/২৪
ফি-১৫২৯/২৪ (১২.৫x৮)